

তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস

ভার্চুয়াল সভায় বলবেন মমতা

দীপঙ্কর নন্দী

২৮ আগস্ট তৃণমূল ছাত্র পরিষদ প্রতিষ্ঠা দিবস পালন করবে। ওইদিন প্রদেশ কংগ্রেসও কর্মসূচি পালন করবে। কালীঘাটের বাড়ি থেকে দলনেত্রী মমতা ব্যানার্জি ভার্চুয়াল সভা করে ছাত্রদের উদ্দেশে নতুন বার্তা দেবেন। মঙ্গলবার উত্তর কলকাতার মোহিত মঞ্চে রাজ্য তৃণমূল ছাত্র পরিষদ প্রস্তুতি সভা করে। ছিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তাঁর লেখা একটি ব্লগেরও উদ্বোধন করা হয়। ব্লগের নাম দেওয়া হয়েছে ‘সবুজের অভিযান’। নামকরণ করেছেন শিক্ষামন্ত্রী নিজেই। তিনি লিখেছেন, ‘প্রথমেই তৃণমূল ছাত্র পরিষদকে এই ব্লগ উদ্বোধনের জন্য আমার অকুণ্ঠ অভিনন্দন এবং শুভেচ্ছা জানাই। শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বলিষ্ঠ নেতৃত্বে তৃণমূল ছাত্র পরিষদ ইতিহাসের নিরিখে খুব অল্পদিনের মধ্যেই তার অবিসংবাদী উপস্থিতি ছাত্র সমাজের মধ্যে প্রতিষ্ঠা করতে পেরেছে। আমি আশা রাখি আগামী দিনে নেত্রী ও অভিষেক ব্যানার্জির উপদেশে বাংলা ছাড়িয়ে সারা ভারতে পাখা মেলবে তৃণমূল ছাত্র পরিষদ।’

এদিনের সভায় ২৫টি জেলার ছাত্র পরিষদের সভাপতি উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য। অন্যদের মধ্যে ছিলেন প্রান্তিক চক্রবর্তী, সন্দীপন মিত্র, প্রিয়দর্শিনী দে, শ্রেষ্ঠা দাস। প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রাক্তন ছাত্র পরিষদের সভাপতিদের সাক্ষাৎকার সোশ্যাল মিডিয়ায় দেওয়া হয়। এঁরা হলেন সুব্রত মুখার্জি, অশোক দেব, তাপস রায় প্রমুখ। মূল কথা হল, অতীতের রাজনৈতিক পরিস্থিতি কেমন ছিল এবং বর্তমান রাজনৈতিক পরিস্থিতি কেমন চলছে। ইউটিউব চ্যানেলেও সাক্ষাৎকারগুলি দেখতে পাওয়া যাবে। ব্রাত্য বসু এদিন বলেন, ‘আগামী দিনে বাংলার ছাত্র সমাজকেই এগিয়ে আসতে হবে। ছাত্র আন্দোলন থেকে উঠে এসেছেন আমাদের নেত্রী। তাঁর পথ অনুসরণ করতে হবে।’ তৃণাঙ্কুর ভট্টাচার্য বক্তব্য পেশ করেন। ২৮ আগস্ট কলেজ–বিশ্ববিদ্যালয়ের গেটে পতাকা তুলতে হবে। করোনা বিধিনিষেধ মেনেই ছাত্রদের কর্মসূচি পালন করতে হবে। কলেজ–বিশ্ববিদ্যালয়ের গেটে ওইদিন বেশি ভিড় করা যাবে না। দলনেত্রীর ভাষণ মন দিয়ে শুনতে হবে। দলীয় কার্যালয়ের সামনে পতাকা তুলতে হবে।

২৮ আগস্ট প্রতিবছর ময়দানে গান্ধী মূর্তির নীচে এই দিনটি পালন করা হয়। গত বছর কোভিড পরিস্থিতির জন্য দলনেত্রী ভার্চুয়াল সভা করেন। ওদিন গান্ধী মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান অভিষেক ব্যানার্জি। এবারও ভার্চুয়াল সভা করছেন মমতা ব্যানার্জি। সভা শুরু দুপুর ২টোয়। সোশ্যাল মিডিয়ায় দলনেত্রীর ছবি দিয়ে প্রতিষ্ঠা দিবসের পোস্টারও করা হয়েছে।

উত্তর কলকাতার মোহিত মঞ্চে রাজ্য তৃণমূল কংগ্রেসের সভায় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ও সংগঠনের সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য। মঙ্গলবার। ছবি: আজকাল

‘মা’ ক্যান্টিন

সুলভে মধ্যাহ্নভোজ। গরিব মানুষের জন্য জয়নগর–মজিলপুর পুরসভায় মঙ্গলবার থেকে ‘মা’ ক্যান্টিনে শুরু হল এই পরিষেবা। মাত্র ৫ টাকায় মিলবে ডিম ভাত। এদিন এই পরিষেবার উদ্বোধন করেন পুরসভার প্রশাসনিক মন্ডলীর নতুন চেয়ারম্যান সুকুমার হালদার। ছিলেন আরও অনেকেই। প্রথম দিনেই প্রায় ২৫০ গরিব মানুষ খাবার পান।

GOVERNMENT OF WEST BENGAL
Tender Notice
SE, South Circle, H. Dte., invites e-tender (online) for the work vide Tender ref. no. WBHOUSING/SE/SC/HD/e-NIT-08/2021-2022 & TENDER ID :- 2021_HSD_340640_1, Estimated Amount put to Tender Rs. 73387262/- Date of submission start date (Online) is 25/08/2021 after 2.00 PM & Date of submission closing (online) is 16/09/2021 upto 2.00 pm. Detail inf./download/ upload will be available from the website http://www.wbtenders.gov.in.
ICA-T10120(3)/2021

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
The Superintending Engineer, North Circle, M.E.Dte., Siliguri invites e-tender on behalf of the Governor of West Bengal for construction of DAY-NULM Building within Kurseong Municipality. The tender details as given below: 03 of MED/SE (NC)/2021-22 **(Tender Id: 2021_MAD_339748_1) dt. 09.08.2021.** Bid Submission End Date:- 13.09.2021 upto 03:00 P.M. Details of e-N.I.T. and Tender Documents may be downloaded from **www.wbtenders.gov.in** Sd/- **Superintending Engineer (North Circle), M. E. Directorate.**
ICA-T10095(4)/2021

বেআইনি নির্মাণ: কঠোর পুরসভা

আজকালের প্রতিবেদন

শহরে বেআইনি নির্মাণ নিয়ে কঠোর পদক্ষেপ করল কলকাতা পুরসভা। এবার থেকে এলাকায় বেআইনি বাড়ি তৈরি হলে প্রথমেই পুরসভার ইঞ্জিনিয়ারদের শোকজ করবে পুরসভা। মঙ্গলবার এ কথা ঘোষণা করেন কলকাতা পুরসভার প্রধান প্রশাসক ফিরহাদ হাকিম। তিনি বলেন, ‘বেআইনি নির্মাণের খবর পেয়ে শুধুমাত্র নোটিস ঝুলিয়ে চুপচাপ বসে থাকলে চলবে না। পুরসভার বিল্ডিং দপ্তরের ইঞ্জিনিয়ারদেরও একটা দায়িত্ব আছে। এলাকায় বেআইনি নির্মাণ হলে পুরসভার একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং তাঁর অধীনে থাকা অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের শোকজের নোটিস দেওয়া হবে। এমনই একটি নির্দেশ জারি করতে চলেছে কলকাতা পুরসভা। কলকাতা পুলিশ ও পুরসভার আধিকারিকদের নিয়ে একটা বিশেষ টিম তৈরি করা হচ্ছে। কলকাতা পুলিশের আইপিএস লেভেলের অফিসারের নেতৃত্বে এবং পুরসভার ডিজি বিল্ডিংয়ের নেতৃত্বে তৈরি হবে এই টিম। এই টিমের কাজ হবে সারপ্রাইজ ভিজিট করা। বেআইনি নির্মাণের ওপর নজরদারি চালাবে এই টিম। পুরসভা বা লোকাল থানাকে না জানিয়েই অভিযানে যাবে এই বিশেষ টিম। বেআইনি নির্মাণ প্রসঙ্গে ফিরহাদ হাকিমের বক্তব্য, বেআইনি নির্মাণ একদিনে হয় না। জলা জমি কিংবা পুকুর ভরাট দিয়ে অবৈধ নির্মাণের প্রাথমিক কাজ শুরু হয়। আশপাশে পড়ে থাকা পুকুরের ধারে প্রথমে আবর্জনা ফেলা শুরু হয়। এলাকার মানুষ কিছুটা এক্ষেত্রে অসচেতনতা পরিচয় দেন। তাঁরা দিনের পর দিন সেখানে আবর্জনা ফেলতে ফেলতে সেই জমিটা স্তূপে পরিণত করেন। হঠাৎই একদিন দেখা যায় পুকুরটা কে ভরাট করে মাঠে পরিণত করেছে। কারওই সেদিকে নজর যায় না। এর পরে একদিন ভরাট করা জমিতে অবৈধভাবে বাড়ি তৈরির কাজ শুরু করেন প্রোমোটাররা। সে ক্ষেত্রে নাগরিক থেকে পুর ইঞ্জিনিয়াররাও যদি প্রথম থেকেই সতর্ক থাকেন তাহলে এ ধরনের অন্যায় আটকানো সম্ভব।

দু’দিনে দুয়ারে সরকারে ৩৫ লাখ আবেদন

পড়ুয়াদের হাতে ‘স্টুডেন্ট ক্রেডিট কার্ড’

আজকালের প্রতিবেদন

দুয়ারে সরকারের দ্বিতীয় পর্যায়ের দ্বিতীয় দিনে মঙ্গলবারও শিবিরেগুলিতে একই ছবি। তুমুল আগ্রহ–উদ্দীপনা দেখা গেছে জেলা জুড়ে। প্রকল্পের সুবিধা নিতে উৎসবের মেজাজে চলল আবেদনপত্র সংগ্রহ। এবার নতুন সংযোজন লক্ষ্মীর ভাণ্ডার। এই প্রকল্পের সুবিধা নিতে মহিলারা সকাল সকাল শিবিরে লাইন দিচ্ছেন। স্টুডেন্ট ক্রেডিট কার্ডের জন্য ছাত্রছাত্রীদের লাইনও চোখে পড়ার মতো। কৃষক বন্ধু (নতুন), কন্যাশ্রী, স্বাস্থ্যসাথী, জাতিগত শংসাপত্রের জন্যও মানুষের আগ্রহ আগের মতোই। এই, দু’দিনে মোট ৩৫ লাখ আবেদনপত্র জমা পড়েছে। তার মধ্যে লক্ষ্মী ভাণ্ডারের ২৩ লাখ। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, কোভিড বিধি মেনে ভিড় এড়াতে অন্যান্য শিবিরেও লক্ষ্মী ভাণ্ডারের আবেদনপত্র পাওয়া যাবে। কুপনের ব্যবস্থা করা হচ্ছে।

এদিন স্টুডেন্টস ক্রেডিট কার্ডের মাধ্যমে মালদার ১১ জন পড়ুয়াকে উচ্চশিক্ষার ক্ষেত্রে সহযোগিতার হাত বাড়িয়ে দিল জেলা প্রশাসন। সেই কার্ড হাতে পেয়ে রীতিমতো উচ্ছ্বসিত পড়ুয়ারা। দার্জিলিঙেও এদিন দুই পড়ুয়াকে এই ক্রেডিট কার্ড হাতে তুলে দেয় প্রশাসন। মুর্শিদাবাদের ২৬টি ব্লকেই সাফল্যের সঙ্গে চলছে দুয়ারে সরকার প্রকল্পের কাজ। বহরমপুর, ডোমকল, কান্দি বৃষ্টি মাথায় করে আবেদনপত্র নিতে হাজির হয়েছিলেন হাজার মানুষ। বীরভূমেও উদ্দীপনার ছবি দেখা গেছে। বিশেষ করে নতুন প্রকল্প ‘লক্ষ্মীর ভাণ্ডার’-এর আবেদনপত্র নেওয়া ও জমা দেওয়ার জন্য হাজার হাজার মহিলাকে লাইনে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। জেলা প্রশাসনের আধিকারিকদের পাশাপাশি জেলার বেশিরভাগ বিধায়ক এদিন নিজের নিজের এলাকার শিবিরগুলির ব্যবস্থাপনা ঘুরে দেখেন। পুরুলিয়া শহর–সহ জেলার বিভিন্ন প্রান্তে শিবিরগুলোতে প্রচুর মানুষের ভিড়। পুরুলিয়া শহরের জেলা স্কুলে ও সাহেব বাঁধ রোডের দুয়ারের সরকারের লাইনে সকাল থেকে দেখা গেছে মানুষের ভিড়। অযোধ্যা পাহাড় থেকে বাঘমুণ্ডি, আড়ষা থেকে ঝালদা প্রতিটি ক্যাম্পে মানুষের ভিড় লক্ষ্য করা গেছে। মেদিনীপুরের হবিবপুরে সরস্বতী বিদ্যানিকেতন ও কুইকোটায় শঙ্করী বিদ্যালয়ে দুয়ারে সরকার শিবিরে ছিল উপচে–পড়া ভিড়। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, একদিনে জেলায় দুয়ারে সরকারে আবেদন জমা পড়েছে ৮৭১৯৪টি। এর মধ্যে লক্ষ্মীর ভাণ্ডারে আবেদন জমা পড়েছে ৫২৭৭০টি। লম্বা লাইন পড়ল কাঁথির মুসলিম গার্লস, আলাদারপুট, রামনগর ২ ব্লকের বালিসাই, নন্দকুমার ব্লকের দেশবন্ধু বিদ্যাপীঠ ও কৃষ্ণস্মৃতি বিদ্যা নিকেতনে দুয়ারে সরকারের শিবিরগুলিতে। পূর্ব বর্ধমান জেলায় ২৯টি জায়গায় এই শিবির বসেছে। আবেদনপত্র জমা পড়েছে ৭০ হাজার ৪৭৬টি। লক্ষ্মী ভাণ্ডারের আবেদনপত্র তুলেছিলেন ৯৫ হাজার ২৯৩ মহিলা। আবেদনপত্র জমা দিয়েছেন ৪৭ হাজার ৯৪৯ জন। এর পরই স্বাস্থ্যসাথী ফর্ম জমা পড়েছে ৯ হাজার ৪৮৯টি। ডায়মন্ড হারবার ও কাকদ্বীপ মহকুমায় দুয়ারে সরকার প্রকল্পে ব্যাপক সাড়া মিলেছে। অনেক শিবিরে ভোর থেকে মহিলাদের লাইন পড়ে। এদিকে, ‘দুয়ারে সরকার’ কর্মসূচিকে সফল করতে লোকশিল্পীরা বসিরহাটের ব্লকে ব্লকে প্রচারে নেমে পড়েছেন। লোকগান, লোকনৃত্য, লোকবাদ্য নিয়ে গ্রামে গ্রামে ঘুরছেন লোকশিল্পীরা।

তথ্যসূত্র: *অভিজিৎ চৌধুরি, প্রদীপ দে, অনুপম বন্দ্যোপাধ্যায়, দীপেন গুপ্ত, বুদ্ধদেব দাস, যজ্ঞেশ্বর জানা, বিজয়প্রকাশ দাস, গৌতম মণ্ডল ও স্বদেশ ভট্টাচার্য*

স্টুডেন্ট ক্রেডিট কার্ড দিচ্ছেন পশ্চিম মেদিনীপুরের জেলাশাসক রশ্মি কমল। ছবি: স্বরূপ মণ্ডল

ফের রিভিউর আবেদন পরীক্ষার্থীদের

আজকালের প্রতিবেদন

উচ্চমাধ্যমিক

রিভিউতে যত নম্বর বাড়ার কথা তা না বাড়ায় ফের রিভিউয়ের আবেদন করছে এ বছরের উচ্চমাধ্যমিক উত্তীর্ণ একাধিক স্কুলের ছাত্রছাত্রীরা। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের নির্দেশিকা মেনে ৩০ জুলাইয়ের মধ্যে ১৪,২০০ জন পরীক্ষার্থী রিভিউয়ের আবেদন করেছিল। তার মধ্যে এখনও পর্যন্ত মাত্র ৩,৫০০ পরীক্ষার্থী হাতে সংশোধিত মার্কশিট পেয়েছে। এদের মধ্যে অনেকেই রিভিউয়ের ফলে যে নম্বর বাড়ার কথা তা না বাড়ায় ফের আবেদন করেছে। এদিকে, কলেজ–বিশ্ববিদ্যালয়ে স্নাতকে ভর্তির অনলাইন আবেদন জমা দেওয়ার শেষদিন ২০ আগস্ট। সব মিলিয়ে উৎকণ্ঠায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ বেশ কয়েক হাজার পড়ুয়া। উচ্চমাধ্যমিকে এবার মাধ্যমিক ও একাদশের বার্ষিক পরীক্ষার ফলাফল এবং দ্বাদশের প্রজেক্ট ও প্র্যাকটিক্যালের নম্বরের ভিত্তিতে সংসদ ঘোষিত নির্দিষ্ট ফর্মুলায় মার্কশিট দেওয়া হয়েছে। অভিযোগ, একাধিক স্কুলের বেশ কিছু ছাত্রছাত্রীর মার্কশিটে এই ফর্মুলা মেনে যা নম্বর আসার কথা তা আসেনি। সেই সময় সংসদের জমা পড়া অভিযোগপত্রে স্কুলগুলি জানিয়েছিল, যার ৪৫৫ নম্বর আসার কথা তার এসেছে ৪৩৯, ৪৮৪–র বদলে এসেছে ৪৬৭। সংসদে অভিযোগ জানানোর পরও সংশোধিত মার্কশিটে যে নতুন নম্বর এসেছে, ফর্মুলা অনুযায়ী যা আসার কথা তার থেকে ৫–৭ নম্বর কম। সংসদ যাতে তাদের গণনাজনিত ভুল সংশোধন করে দেয়, তার জন্যই পরীক্ষার্থীরা আবার আবেদন জানাচ্ছে। কিন্তু স্কুলগুলির অভিযোগ, সংসদ এই দফায় কোনও অভিযোগ নিতে চাইছে না। কলেজিয়াম অফ অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেসেসের সম্পাদক সৌদীপ্ত দাস বলেন, ‘আমরা আশাবাদী নতুন সংসদ সভাপতি ছাত্রস্বার্থে বিষয়টির দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নেবেন।’ বহু স্কুলই এখনও পর্যন্ত পড়ুয়াদের রিভিউয়ের সংশোধিত মার্কশিট পায়নি।

বৈংক ऑफ़ बड़ौदा Bank of Baroda
স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ
অবনী হাইটস (২য় তল) ৫৯এ, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০০২০ ,ইমেল: samkol@bankofbaroda.com
বিজ্ঞপ্তি

মেসার্স কিলবার্ন কেমিক্যালস লিমিটেডের বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য এই পত্রিকায় ০৪–০৮–২০২১ তারিখে প্রকাশিত ইঅকশন বিক্রয় বিজ্ঞপ্তি ক্ষেত্রে ইঅকশনের তারিখ বৃদ্ধি করা হয়েছে **২৮–০৮–২০২১,** প্রশাসনিক কারণে। ইঅকশন বিক্রয় বিজ্ঞপ্তি তারিখ ০৪–০৮–২০২১ এর অন্যান্য বিষয় অপরিবর্তিত।

তারিখ: ১৮.০৮.২০২১
স্থান: কলকাতা
অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

ই নিলাম বিজ্ঞপ্তি

(জল বিধ্বস্ত প্রায় ১০০০০ কেজি জিঙ্ক অক্সাইড)

আগ্রহী ক্রেতাদের কাছ থেকে যেখানে যেমন আছে ভিত্তিতে জল বিধ্বস্ত প্রায় ১০০০০ কেজি জিঙ্ক অক্সাইড অপসারণের জন্য ই নিলাম ফর্ম আহুত হচ্ছে, যার মালিকানা **মেঃ জে জি কেমিক্যালস প্রাইভেট লিমিটেড।** উক্ত পণ্য দেখা যাবে জালান ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স, এন এইচ ৬, বিপ্রান্নপাড়া, ডোমজুড়, হাওড়া ৭১১৪১১–তে, **১৮.০৮.২১ থেকে ২৪.০৮.২১**–এ। এর জন্য আগাম যোগাযোগ করবেন: মিঃ অমিত আগরওয়াল, ফোন +৯১ ৯০০৭৫১৩৭১৬। ই নিলাম হবে **২৫.০৮.২১**–এ। ই নিলাম ফর্মের জন্য যোগাযোগ করবেন: **সালভর সেটলারস প্রাইভেট লিমিটেড (অকশনিয়ারস)**–এর **মিঃ সোনু যাদব, মো: ৯৩১৫৯ ০২৪৩৮।**
রেজিস্টার্ড ঠিকানা– আর পি ২২, ৩য় তল, পীতমপুরা, নিউ দিল্লী– ১১০০৩৪ বা ফর্ম ডাউনলোড করুন ওয়েবসাইট www.Salvage Settlers.com থেকে। ই নিলাম ফর্ম জমার শেষ তারিখ **২৪.০৮.২১**–এ বেলা ৪.০০–এর আগে।

আর সি মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড

CIN: U51909WB1964PTC026049
রেজি অফিস: ১৬৬ এম জি রোড, থানা বড়বাজার, কলকাতা ৭০০০০৭
ফোন– ০৩৩ ৪০০৮ ৪৬১৮/ ই মেল– khurananirmal@gmail.com

ফর্ম নং আরএসসি–৪
[ন্যাশনাল কোম্পানি ল’ ট্রাইবুনাল (প্রসিডিওর ফর রিডাকশন অফ শেয়ার ক্যাপিটাল অফ কোম্পানি) রুলস, ২০১৬–এর রুল ৩ (৩) অনুযায়ী]
ন্যাশনাল কোম্পানি ল’ ট্রাইবুনাল বেঞ্চ, কলকাতা সমীপে
কোম্পানি আবেদন নং–সিপি/৩০ (কেবি) ২০২১
বিষয়– কোম্পানি আইন, ২০১৩–এর ৬৬ ধারা
ও
বিষয়– কোম্পানির শেয়ার মূলধন হ্রাসের জন্য একটি আবেদন
ও
বিষয়– আর সি মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড, কোম্পানি আইন, ১৯৫৬–এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস: ১৬৬ এম জি রোড, থানা বড়বাজার, কলকাতা ৭০০০০৭, পশ্চিমবঙ্গ, ভারত।
ও
বিষয়– আর সি মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড, কোম্পানি আইন, ১৯৫৬–এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস: ১৬৬ এম জি রোড, থানা বড়বাজার, কলকাতা ৭০০০০৭, পশ্চিমবঙ্গ, ভারত।
...আবেদনকারী

বিজ্ঞপ্তি প্রকাশন

বিজ্ঞপ্তি গণ্য করা যেতে পারে যে উক্ত কোম্পানির প্রদত্ত শেয়ার মূলধন টাঃ ২৯,৫৮,০০০/– থেকে টাঃ ২৯,৫৮০/–তে হ্রাসের জন্য ১৫ জানুয়ারি, ২০২১–তে ট্রাইবুনাল কলকাতা বেঞ্চে একটি আবেদন পেশ করা হয়েছে। ব্যক্তিগত উত্তমর্ণদের বিজ্ঞপ্তি জারি হয়েছে। কোম্পানি দ্বারা ব্যক্তিগত উত্তমর্ণ তালিকা ৩১ ডিসেম্বর, ২০২০–তে তৈরি হয়েছে যা ১৮.০৮.২০২১ থেকে ২৫.১১.২০২১ অবধি সব কাজের দিনে কোম্পানির রেজিস্টার্ড অফিস ১৬৬ এম জি রোড, থানা বড়বাজার, কলকাতা ৭০০০০৭, পশ্চিমবঙ্গ–তে দেখা যাবে বেলা ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত। আবেদন বা উত্তমর্ণের বিশদ তালিকায় কোম্পানির কোনও উত্তমর্ণের আপত্তি থাকলে তা (সহায়ক ডকুমেন্ট–সহ) ও বিশদ নাম, ঠিকানা, অনুমোদিত প্রতিনিধি থাকলে নাম–ঠিকানা সমেত পাঠাতে পারেন নিম্ন স্বাক্ষরকারীকে মেঃ আর সি মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড, ১৬৬ এম জি রোড, থানা বড়বাজার, কলকাতা ৭০০০০৭, পশ্চিমবঙ্গতে এই বিজ্ঞপ্তির তিন মাসের মধ্যে। উক্ত সময়ে কোনও আপত্তি না থাকলে উত্তমর্ণ তালিকা, কোম্পানির শেয়ার মূলধন কমাতে উক্ত আবেদন সঠিক বলে গণ্য হবে।
আরও জানানো হচ্ছে যে, আবেদনটি শুনানির জন্য ট্রাইবুনালে ২৬ নভেম্বর, ২০২১ দিনটি ধার্য হয়েছে। কোনও উত্তমর্ণ শুনানিতে হাজির থাকতে চাইলে, তাঁর আপত্তি সহ অনুরোধ পাঠাবেন।

আর সি মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড–এর তরফে
বংশ খুরানা
ডিরেক্টর
ডিন– ০৭১৫৭৩৮৯
তারিখ: ১৭ আগস্ট, ২০২১
স্থান: কলকাতা

ব্যবহারিক দখল বিজ্ঞপ্তি

ICICI Bank
ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ফোর্থ ফ্লোর, 228A, এ জে সি বোস রোড, কলকাতা– 700020
CIN No.: L65190GJ1994PLC021012, www.icicibank.com

যেহেতু,
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেডের অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002–এর রুল 3 সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, 2002–এর 13(12) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি দাবি বিজ্ঞপ্তিসমূহ জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে 60 দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
ওই ঋণগ্রহীতা উক্ত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষ করে ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী নীচে উল্লিখিত তারিখে উক্ত রুলসমূহের রুল 8 সহ সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের 13(4) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেডের চার্জ সাপেক্ষ হবে।

ক্রম নং	ঋণগ্রহীতার নাম / লোন অ্যাকাউন্ট নম্বর	সম্পত্তির বিবরণ / প্রতীকী দখলের তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখ/ দাবিকৃত অর্থাঙ্ক (₹)	শাখার নাম
1	**মনোজ্যোতি মুখার্জি / অঙ্কিতা মুখার্জি** / এস বি পল্লী, সাহেব বাগান, বালি, সাহেব বাগান মোড়ের কাছে, পশ্চিমবঙ্গ, হাওড়া– 711205 / **LBCAL00001425335**	ফ্ল্যাট নং 305, থার্ড ফ্লোর, স্বাগত অ্যাপার্টমেন্ট–II, প্রেমিসেস নং 78/1, গিরিশ ঘোষ রোড, বেলুড়, থানা– বালি, খতিয়ান নং– 1053, সি এস দাগ নং 2855 (অংশ), মৌজা– ব্যারাকপুর, জে এল নং 16, এডিএসআরও এবং জেলা– হাওড়া, হাওড়া– 711202, পশ্চিমবঙ্গ, সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ 555 বর্গফুট / **দখলের তারিখ: 13.08.2021।**	**30.06.2017 / ₹5,64,907/–**	কলকাতা

উপরোক্ত ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা ওপরে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে 30 দিনের বিজ্ঞপ্তি দেওয়া হল, অন্যথায় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002–এর রুল নং 8 ও 9–এর সংস্থান অনুযায়ী উক্ত বন্ধক রাখা জামিনযুক্ত সম্পত্তিগুলি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে 30 দিন অতিবাহিত হওয়ার পরে বিক্রয় করা হবে।

তারিখ : 18 আগস্ট, 2021
স্থান : কলকাতা
অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India
রিজিওনাল অফিস: কলকাতা নর্থ
পঞ্চম তল, ৩৩, এন এস রোড, কলকাতা– ৭০০ ০০১
মোবাইল নম্বর: ৯১–৮৩৩৬৯৯০২৫৯
ই–মেল: recoverykolknro@centralbank.co.in

ই–নিলামের তারিখ: ০৭.০৯.২০২১
বেলা ১১.০০টা থেকে দুপুর ১.০০টা
৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণে

“পরিশিষ্ট IV-A”
[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দেখুন]
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য সেল নোটিস

ইএমডি জমার শেষ তারিখ ও সময়:
০৬.০৯.২০২১ বিকেল
৪.০০টা পর্যন্ত

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–অকশন সেল নোটিস
এতদ্দ্বারা জনসাধারণের পাশাপাশি বিশেষত সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া–এর অনুমোদিত অফিসার দ্বারা গঠনমূলক (ব্যবহারিক দখলের প্রক্রিয়া চলছে)/ ব্যবহারিক* দখল নেওয়া সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া–এর কাছে বন্ধক রাখা/দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, উক্ত সম্পত্তিগুলি ‘যেখানে আছে সেখানে’, ‘যেমন আছে তেমন’ এবং ‘যা কিছু আছে তা’ ভিত্তিতে বিক্রি করা হবে।

ক্রম নং	অ্যাকাউন্ট, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম	সম্পত্তিগুলির বিশদ বিবরণ (ফ্ল্যাট/দোকান/জমি/বিল্ডিং ইত্যাদি)	১৩(২) নোটিসের তারিখ বকেয়া অর্থাঙ্ক ১৩(৪) নোটিসের তারিখ	সংরক্ষণ মূল্য বায়না জমা অর্থাঙ্ক বিড বাড়ানোর মূল্য
১.	**মেসার্স এ এস বি কসমেটিকস** (প্রোপ্রাইটর: আদিত্য রায়) কল্যাণী শাখা	নথিবদ্ধ মালিক: শ্রী আদিত্য রায় দলিল নং ১১৬৭/২০১৪, এডিএসআর–কল্যাণী ১৫০ বর্গফুটের কাঁচা বাড়ি সমেত নিম্নোক্ত প্রায় ৪.২৬ ডেসিম্যাল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– নং ৪৯ সরাটি, এল আর খতিয়ান নং ৫০৪ (হাল), প্লট নং আর এস ৮১৩, এল আর ৮৩৬, থানা–চাকদা, জেলা–নদীয়া। চৌহদ্দি: উত্তর–সোমেন চৌধুরীর জমি; দক্ষিণ– ৬ ফুট চওড়া কাঁচা রাস্তা; পূর্ব– বিনয় বাবুর বাড়ি; পশ্চিম– মানিক বিশ্বাসের বাড়ি	২১.০৭.২০১৭ ₹৭.১১ লাখ ০১.১১.২০১৭ (প্রতীকী দখল)	আরপি: ₹৬.৩৯ লাখ ইএমডি: ₹০.৬৪ লাখ বিআইএ: ₹০.০৭ লাখ

পরিদর্শন তারিখ– ০২.০৯.২০২১, বেলা ১০.০০টা থেকে ০৪.০০টা, ব্যবহারিক দখল নেওয়া সম্পত্তির জন্য
ইএমডি জমা দেওয়ার তথ্যাবলি: অ্যাকাউন্ট নং– 3022511714, অ্যাকাউন্টের নাম: NORTH REGIONAL OFFICE- EXPS A/C, আইএফএসসি: CBIN0280107
শর্ত ও নিয়মাবলি:
১. এই ই–নিলাম **“যেখানে আছে সেখানে’, ‘যেমন আছে তেমন’ এবং ‘যা কিছু আছে তা’** ভিত্তিতে অনুষ্ঠিত হবে।
২. অনুমোদিত অফিসারের সর্বশেষ জ্ঞান অনুসারে উপরোক্ত কোনও সম্পত্তির ওপর কোনও প্রকার দায় বিদ্যমান নেই। তবে, বিড জমা দেওয়ার আগে আগ্রহী বিডারগণ নিজেরা স্বাধীনভাবে উক্ত সম্পত্তিকে প্রভাবিত করতে পারে এমন কোনও প্রকার দায়, নিলামে তোলা সম্পত্তি/গুলির স্বত্ব এবং দাবি/অধিকার/বকেয়া সংক্রান্ত খোঁজখবর করে নেবেন।
বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে পেতে, অনুগ্রহ করে সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া–এর ওয়েবসাইট অর্থাৎ, www.centralbankofindia.co.in/English/e_auction.aspx এবং www.bankeauctions.com (মোবাইল: ৯৮১৩৮৮৭৯৩১)–তে দেওয়া লিঙ্ক দেখুন।
লগ–ইন আইডি বা পাসওয়ার্ড তৈরি, তথ্য আপলোড করা, বিড জমা দেওয়া, অনলাইন ই–বিডিং প্রোসেস সংক্রান্ত যে কোনও প্রকার সহায়তার দরকার হলে আগ্রহী বিডাররা এখানে যোগাযোগ করতে পারেন: মেসার্স সি১ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, ই–মেল আইডি: support@bankeauctions.com, হেল্পলাইন নম্বর: ০১২৪–৪৩০ ২০২১/২২/২৩/২৪।
এই নোটিসটি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা এবং জামিনদার (এল/আর–দের)–এর প্রতি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) অধীনে একটি ১৫ দিনের বিধিবদ্ধ সেল নোটিস হিসেবেও গণ্য করতে হবে।

স্থান: কলকাতা
তারিখ: ১৮.০৮.২০২১
অনুমোদিত অফিসার
মোবাইল: ৮৩৩৬৯৯০২৫৯

Tractors India

টি আই এল লিমিটেড

[CIN: L74999WB1974PLC041725]
রেজিস্টার্ড অফিস ঃ ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা - ৭০০ ০২৪
ফোন ঃ (০৩৩) ৬৬৩৩ ২০০০/২৮৪৫; ফ্যাক্স ঃ (০৩৩) ২৪৬৯ ৩৭৩১/২১৪৩
ওয়েবসাইট ঃ www.tilindia.in

৪৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ও ই-ভোটিং সম্পর্কিত তথ্য

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, টি আই এল লিমিটেড (“কোম্পানি”)-এর ৪৬তম বার্ষিক সাধারণ সভা (‘এজিএম’) ভিডিও কনফারেন্সিং (‘ভিসি’) বা অন্যান্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি অনুযায়ী (‘ওএভিএম’) অনুষ্ঠিত হবে শুক্রবার, ১০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে সকাল ১০:০০ টায় যেখানে ৩১ মে ২০২১ তারিখের এজিএম বিজ্ঞপ্তিতে বিবৃত বিষয়সমূহ আলোচনা করা হবে। চলতি অতিমারি পরিপ্রেক্ষিতে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ) এবং সিকিউরিটিজ অ্যাণ্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া (সেবি) দ্বারা জারিকৃত সার্কুলারসমূহ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (‘উক্ত অ্যাক্ট’) ও এর অধীনে রচিত প্রযোজ্য রুলসমূহের সংস্থানসমূহ মোতাবেক ১৩ আগস্ট, ২০২১ তারিখের ভিত্তিতে কোম্পানির শেয়ার ধরে রাখা এবং কোম্পানি বা কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (‘আরটিএ’) অর্থাৎ মেসার্স সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাঃ) লিঃ বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্টগণের কাছে ই-মেল আইডি রেজিস্টার করানো আছে এমন সকল শেয়ারহোল্ডারদের কাছে ১৭ আগস্ট, ২০২১ তারিখে কেবলমাত্র ই-মেলের মাধ্যমে ২০২০-২১ অর্থবর্ষে কোম্পানির বার্ষিক প্রতিবেদন সহ এজিএম আমন্ত্রণী বিজ্ঞপ্তি পাঠিয়ে দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট **www.tilindia.com** এবং স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট **www.nseindia.com** এবং **www.bseindia.com** এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (‘এনএসডিএল’) ওয়েবসাইট **www.evoting.nsdl.com** এ পাওয়া যাবে।

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১০৮ নং ধারার সংস্থান অনুযায়ী ৪৬তম এজিএমে আলোচিত হতে চলা বিষয়গুলি রিমোট ই-ভোটিং (অর্থাৎ এজিএমের আগেই ভোট দেওয়ার সুবিধা) এবং এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে নির্বাহ করা হবে, যে সুবিধা দেওয়ার জন্য কোম্পানির তরফে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (‘এনএসডিএল’)-এর পরিষেবা কাজে লাগানো হবে।

নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, শুক্রবার, ৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ভিত্তিতে যে সকল সদস্যের নাম কোম্পানির সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিগণের কাছে থাকা সুবিধাভোগী স্বত্বাধিকারীদের তালিকাভুক্ত থাকবে, কেবলমাত্র তাঁরাই রিমোট ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে নিজেদের ভোটাধিকার প্রয়োগের যোগ্য বলে বিবেচিত হবেন। নির্ধারিত কাট-অফ তারিখের ভিত্তিতে সদস্য নন, এমন ব্যক্তিরা এজিএমের এই বিজ্ঞপ্তিটি কেবলমাত্র তথ্য জানার জন্য বিবেচনা করবেন।

রিমোট ই-ভোটিং শুরু হবে মঙ্গলবার, ৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ সকাল ৯.০০ টায় এবং শেষ হবে বৃহস্পতিবার, ৯ সেপ্টেম্বর, ২০২১তারিখ বিকেল ৫.০০ টায়, যার পরে রিমোট ই-ভোটিং প্রক্রিয়াটি এনএসডিএল দ্বারা বন্ধ করে দেওয়া হবে।

ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএমএ অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণ যারা রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেন নি তারা এজিএম চলাকালীন তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

যে সকল শেয়ারহোল্ডার রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেছেন তারা এজিএমএ ভিসি/ওএভিএম মাধ্যমে অংশগ্রহণ করতে পারবেন কিন্তু এজিএম চলাকালিন পুনরায় ভোট প্রদান করতে পারবেন না।

এজিএম বিজ্ঞপ্তি প্রেরনের পরবর্তী সময়ে এবং নির্ধারিত তারিখ শুক্রবার ৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে যদি কোনও ব্যক্তি কোম্পানির ইকুইটি শেয়ার গ্রহণ করে থাকেন তাহলে তারা **evoting@nsdl.co.in** এ অনুরোধক্রমে লগ ইন আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন। যে সকল শেয়ারহোল্ডার এনএসডিএল-এ নথিভুক্ত তারা তাদের বর্তমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন ই-ভোটিং-এর জন্য।

ই-ভোটিং সম্পর্কিত কোনও প্রশ্ন/অভিযোগের জন্য দেখুন Frequently Asked Questions (FAQs) এবং শেয়ারহোল্ডারদের ই-ভোটিং ম্যানুয়াল যা পাওয়া যাবে এনএসডিএল-এর ই-ভোটিং ওয়েবসাইট **www.evoting.nsdl.com**-এর ‘ডাউনলোড’ বিভাগে বা যোগাযোগ করুন শ্রী অমিত বিশাল, সিনিয়ার ম্যানেজার/শ্রীমতি পল্লবী মাহাত্রে, ম্যানেজার এনএসডিএল, ট্রেডওয়ার্ল্ড, ‘এ উইং’ ৪র্থ ফ্লোর, কমলা মিলস কম্পাউন্ড, লোয়ার প্যারেল, মুম্বাই-৪০০০১৩; ইমেল ঠিকানাঃ **amitv@nsdl.co.in / pallavid@nsdl.co.in** বা **evoting@nsdl.co.in;** ফোন নং ০২২-২৪৯৯৪৩৬০/ ০২২-২৪৯৯৪৫৪৫ বা নিঃশুল্ক নং ১৮০০-২২২-৯৯০

টি আই এল লিমিটেড-এর পক্ষে
শেখর ভট্টাচার্য্য
ভাইস প্রেসিডেন্ট কোম্পানি সেক্রেটারি
স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১৭.০৮.২০২১